To get the mutation done of individual units/apartments in the building together with proportionate undivided and un-demarcated share of scheduled land after handing over and registration of the apartment(s) in favour of the respective purchasers/owners.

To appoint, discuss or discharge Engineering Consultant. Architect, any staff, agent, broker, menials/helpers, security guards and settler pay their remuneration and fix up conditions of service.

To arrange gas, electricity, water and sewerage facilities etc and connection to all apartments.

To represent the appropriate authority in respect of the scheduled property and structures being made thereon, before any Court or Tribunal, Statutory body, Banks, Finacial authorities and untility companies to defend or prosecute any suit, case, appeal, revision or any other proceedings to execute Vokatatnama, appoint and engage Lawyers/Counsels and pay Court Fees and do all acts that may legally be necessary in connection there with.

To execute and perform act not embodied in this deed but required to attain smooth completion of the consent of principal.

That if any disagreement, dispute or difference arise between the parties during the progress of the constuction or after construction or relating to either the buiding or any other matter or anything arising directly or indirectly under this contract, the same shall be referred to the arbitration of two arbitrators. One to be appointed by the principal and other by the Attorney and incase of difference of opinion between the Arbitrators to an Umpire, who shall be appointed by them (Arbitrators) before they enter upon the reference and the award of the Arbitators or the Umpire, as the case may be, shall be final and binding on both the parties hereto. The provisions of the Arbitration Act, 2001 (Act No. 1 of 2001) shall be followed in this regards.

To appoint from time to time any substitute or substitutes to all any of the powers, authorities or discretions vested in Attorney under or by virtue of these presents and to remove any such substitute or substitutes at pleasure and appoint another or others with the consent of the principal.

This Power of Attorney shall remain valid and irrevocable only till the terms and conditions are fulfilled in all respects and till the scheduled properties along with apartments are completed in all respect and delivered by the Attorney to the principal(s) and the purchasers of apartments of the Attorney share, as per the Deed of Agreement dated-----.

Principal(s) will be considered as sole owner for the space of the roof and will be able to construct build subsequent flats/extension over it following the existing rules and regulations. No interference/claim will be accepted from any corner in this regard.

In witness whereof, the parties to this indenture hereby set their hands to this deed on this date of-----2012 of this Christian era.

Schedule Land

Defence Officers Housing Scheme (DOHS), situated in-----Cantonment, -----, Mouza----- . The schedule referred above includes that the piece and parcel of land situated as recorded in the General Land Resister of ----- Cantonement as Plot Nos-- ----- measuring -----square yards or -----kathas land situated in Police Station----- --Dist----- Comprsing a part of survey No-----and bounded by :

- On the North :
- On the South :
- On the East :
- On the West :

We (Principal(s) and Attorney), therefore, do hereby put our signatures in our full and sound mind without any outside influence and in presense of ulitnesses of this power of Attorney. This power of Attorney is compased of -----pages.

WITNESSES :

- 1.
- 2.

Principal (s)

Attorney

“বিসমিল্লাহির রাহমানির রাহিম”

ফরমেট

চুক্তিপত্র দলিল (Deed of Agreement)

অত্র চুক্তিপত্র দলিল -----ইংরেজী তারিখে সম্পাদিত হইল।

নামঃ-----পিতার নামঃ-----মাতার নামঃ-----
-----স্থায়ী ঠিকানাঃ----- বর্তমান ঠিকানা :-----
-----জন্ম তারিখঃ-----ধর্মঃ-----পেশা : -----জাতীয়তাঃ বাংলাদেশী,
জাতীয় পরিচয় পত্র নং-----টিআইএন নং----- প্রথম পক্ষ বলিতে প্লট মালিক, তাহার
উত্তরাধিকারীগন, স্থলাভিষিক্তগন, আইনগত, প্রতিনিধিগন, সম্পাদনকারীগন, পরিচালকগন এবং স্বত্বানিয়োগীগণকে
বুঝাইবে।

=====১ম পক্ষ/প্লট মালিক

-----((কোম্পানীর নাম ও ঠিকানা) এর পক্ষে নামঃ-----
পিতার নামঃ-----মাতার নামঃ-----
-----স্থায়ী ঠিকানাঃ----- বর্তমান ঠিকানা :-----জন্ম তারিখঃ-----
-----ধর্মঃ-----পেশা : -----জাতীয়তাঃ বাংলাদেশী, জাতীয় পরিচয় পত্র নং-----
-----টিআইএন নং----- দ্বিতীয় পক্ষ বলিতে তাহার উত্তরাধিকারীগন, স্থলাভিষিক্তগন, আইনগত
প্রতিনিধিগন, সম্পাদনকারীগন, পরিচালকগন এবং স্বত্বানিয়োগীগণকে বুঝাইবে।

=====২য় পক্ষ/ডেভেলপার কোম্পানী

পরম কর্ণাময় মহান আলগাহ তায়ালার নাম স্মরণ পূর্বক প্রথম পক্ষ/প্লট মালিক এবং দ্বিতীয় পক্ষ/ডেভেলপার
কোম্পানী ----- জেলার----- থানাধীন-----ডিওএইচএস আবাসিক
এলাকাস্থ কম-বেশী -----বর্গগজ বা ----- কাঠা ভূমি বিশিষ্ট-----নং পণ্টের উপর
ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নকশা মোতাবেক ----- তলা ভবন নির্মাণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে উভয়
পক্ষের মধ্যে অত্র চুক্তিপত্র দলিল সম্পাদন করা হইলঃ-

২. চুক্তির শর্তাবলীঃ

২.১. নামকরণঃ নির্মিতব্য ভবনের নাম হবে-----।

২.২. ভূমি প্রস্তুতভিত ভবন নির্মাণের লক্ষ্যে অত্র চুক্তিপত্র সহি সম্পাদনের পর
প্রথম পক্ষ তফসিল বর্ণিত ভূমি নিষ্কটক ও খালি অবস্থায় ভূমি সংক্রান্ত যাবতীয়
কাগজপত্রাদিসহ দ্বিতীয় পক্ষের নিকট ভূমির সার্বিক দখল -----তারিখে হস্তান্তর
করবেন।

৩. ১ম পক্ষের কর্তব্য ও দায়িত্বঃ

৩.১. প্রথম পক্ষ/প্লট মালিক প্রকল্প ভবনের নির্মাণ ও তদুপরি আনুষাংগিক ও আইনানুগ কার্যাদি সম্পন্ন করিবার
জন্য তফসিল বর্ণিত ভূমির লীজ দলিল, হস্তান্তরপত্র, রেজিস্ট্রেশন পত্র এবং সকল প্রকার জমি সংক্রান্ত কাগজের কপিসহ
অন্যান্য কাগজপত্রাদির ফটোকপি দ্বিতীয় পক্ষ/ডেভেলপার কোম্পানীর নিকট বরাবরে হস্তান্তর করিবেন এবং অন্য
দলিলাদি/পর্চাদি যখন যাহা প্রয়োজন তাহা সরবরাহ করিবেন ডেভেলপার কোম্পানীর প্রয়োজনে কোন দাপ্তরিক কাজের
অনুমোদনের প্রয়োজন হইলে প্রথম পক্ষ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন।

৩.২. অত্র চুক্তিপত্রের প্রথম পক্ষ/প্লট মালিক এই মর্মে অঙ্গিকার পূর্বক ঘোষণা করিতেছেন যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি কোন ব্যাংক বা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান বা কোন ব্যক্তির নিকট কোন প্রকার রেহান, বন্ধক বা দায়বদ্ধ নাই বা কোন প্রকার বন্ধক প্রদান করা হয় নাই অথবা নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বেচা বিক্রি বা হস্তান্তরের বা ভবন নির্মাণের লক্ষ্যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত কোন প্রকার বায়না/চুক্তি সূত্রে আবদ্ধ হয় নাই এবং নিম্ন তফসিল বর্ণিত জমির স্বত্বের কোন প্রকার ক্রটি নাই, আদালতে কোন প্রকার মামলা মোকদ্দমা নাই, প্রতিবেশির সাথে কোন প্রকার বিরোধ নাই। প্রথম পক্ষ আরও ঘোষণা করিতেছেন যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে তাহারা/তিনি ছাড়া অন্য কোন অংশিদার নাই এবং সম্পত্তিতে অংশীদারিত্বের বিষয়ে কোন প্রকার তথ্য গোপন করিতেছেন না এবং প্রথম পক্ষ নিশ্চয়তা প্রদান করছেন যে, অত্র চুক্তি পত্র সম্পাদনের পর এবং অত্র চুক্তিপত্র বলবৎ থাকা অবস্থায় তিনি কোন ভাবেই নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি তিনি অন্য কোন প্রতিষ্ঠানের নিকট কোন অবস্থাতেই দ্বিতীয় পক্ষের সম্মতি ছাড়া বন্ধক বা দায়বদ্ধ রাখবেননা এবং কোন ডেভেলপার বা কোন ব্যক্তি বা কোম্পানীর সহিত কোন প্রকার উন্নয়ন মূলক বা কোন প্রকার চুক্তিতে আবদ্ধ হইবেন না।

৩.৩. আরো উল্লেখ থাকে যে পরবর্তীতে বা ভবিষ্যতে উক্ত ভূমি সংক্রান্ত কোন প্রকার জটিলতার উদ্ভব হলে প্রথম পক্ষ একক ভাবে উক্ত জটিলতা নিরসনের জন্য দায়বদ্ধ থাকবেন। যদি প্রথম পক্ষ উক্ত জটিলতা নিরসনে ব্যর্থ হন সেক্ষেত্রে দ্বিতীয় পক্ষ উক্ত জটিলতা নিরসনে সার্বিক প্রচেষ্টা চালাবেন এবং এ সংক্রান্ড যাবতীয় খরচাদি প্রথম পক্ষ-কে বহন করতে হবে।

৩.৪. অত্র চুক্তিপত্র বলে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে তফসিল বর্ণিত ভূমির উপর ভবন নির্মাণ করার ক্ষমতা প্রদান করিলেন।

৩.৫ অত্র চুক্তি নামা সহি স্বাক্ষর সহ সম্পাদনের পর অত্র চুক্তি পত্র বলে প্রথম পক্ষ সন্তুষ্ট চিত্রে দ্বিতীয় পক্ষকে দ্বিতীয় পক্ষের নির্ধারিত ফ্ল্যাট/প্রপার্টি ও কার পার্কিং সমূহ মিলিটারী এস্টেটস অফিস ও ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত প্রচলিত আইন মোতাবেক হারা হারি ভাবে অচিহ্নিত ও অবিভক্ত জমিসহ বিক্রয়ের জন্য এবং বিক্রয় সংক্রান্ড কার্যাদি পরিচালনের জন্য সম্মতি ও ক্ষমতা প্রদান করিতেছেন।

৩.৬ প্রথম পক্ষ/প্লট মালিক তফসিল বর্ণিত সম্পত্তির দখলকালীন ও ব্যবহারকালীন সময় অবধি সম্পত্তির স্বত্ব দখল ও মালিকানা প্রদান দলিলাদিসহ পূর্বাপর সকল প্রকার বাকী বকেয়া, বিদ্যুৎ গ্যাস, ওয়াসা বিল, ভূমির খাজনা, ক্যান্টনমেন্ট বোর্ডের ট্যাক্স, অন্যান্য কর্তৃপক্ষের কোন বকেয়া পাওনা থাকিলে বা অন্য যে, কোন প্রকার বকেয়া বিল হোক না কেন প্রভৃতির হালসন পর্যন্ত নিজ অর্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রদান ও পরিশোধ করিয়া দিবেন।

০৪.০ দ্বিতীয় পক্ষের কর্তব্য ও দায়িত্বঃ

দ্বিতীয় পক্ষ অত্র চুক্তি পত্র মোতাবেক নিম্ন তফসিল বর্ণিত ভূমির উপর প্রস্তুতভিত ভবন নির্মাণের লক্ষ্যে যাবতীয় নকশা প্রথম পক্ষের সম্মতিতে তৈরী ও অনুমোদনের দায়িত্ব পালন করবেন এবং অনুমোদিত নকশা অনুযায়ী অত্র চুক্তিপত্র বলে নিম্ন তফসিল বর্ণিত ভূমির উপর নিজ খরচায় বা দ্বিতীয় পক্ষের নির্ধারিত অংশ এর বিক্রয়লব্ধ অর্থ দ্বারা প্রস্তুতভিত বহুতল ভবনটি প্রচলিত আইন অনুযায়ী নির্মাণ করিবেন। নির্মাণ কার্য আরম্ভ করিবার সময় হইতে প্রকল্প ভবনের নির্মাণ কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত উহার গ্যাস, ইলেকট্রিসিটি এবং ওয়াসা ব্যবহার বিল দ্বিতীয় পক্ষ/ডেভেলপার কোম্পানী নিজ অর্থে পরিশোধ করিয়া যাইবেন এবং উক্ত ভাবে ফ্ল্যাট সমূহ যথাযথভাবে হস্তান্তর অবধি পরিশোধিত হইবে। তাছাড়া ডেভেলপার হিসেবে ক্যান্টনমেন্ট বোর্ডের লাইসেন্স গ্রহণ, জামানতের অর্থ প্রদান ডিওএইচএস পরিষদের প্রাপ্য অর্থ প্রদান করিতে ২য় পক্ষ বাধ্য থাকিবেন।

৪.১ কর্মসূচী: অত্র চুক্তিপত্র পক্ষদ্বয় কর্তৃক স্বাক্ষরের সময় দ্বিতীয় পক্ষ নির্মাণ কাজের একটি কর্মসূচী (Work Schedule) প্রথম পক্ষকে প্রদান করিবেন। দ্বিতীয় পক্ষ কর্মসূচী অনুযায়ী নির্মাণ কাজের অগ্রগতি প্রথম পক্ষ এবং দ্বিতীয় পক্ষের ফ্ল্যাট ক্রেতাগন (যদি দ্বিতীয় পক্ষ তাহাদের ফ্ল্যাট বিক্রয় করিয়া থাকেন) কে নিয়মিত প্রদর্শন করাবেন এবং কর্মসূচীতে তাহাদের তারিখসহ স্বাক্ষর গ্রহণ করিবেন।

০৫.০ নির্মিতব্য ভবনের অংশিদারিত্ব ও বন্টন ব্যবস্থা নিম্নরূপ:

ফ্লোর	বর্ণনা	অংশিদারিত্ব
নীচ তলা		
২য় তলা		
৩য় তলা		
৪র্থ তলা		
৫ম তলা		
৬ষ্ঠ তলা		
৭ম তলা		
ছাদ		

০৫.১. অত্র চুক্তি পত্র মোতাবেক নির্মিতব্য ভবনে প্রথম পক্ষ ভূমির মালিকের প্রাপ্তি/অংশিদারিত্ব:-

ফ্ল্যাট এ্যাপার্টমেন্ট স্পেস-----%

পার্কিং স্পেস-----%

জমির ভাড়া বাবদ মোট=-----টাকা দুই কিস্তিতে প্রথম পক্ষকে দ্বিতীয় পক্ষ প্রদান করিবেন যাহার প্রথম কিস্তি ----- টাকা অদ্য চুক্তি স্বাক্ষরের দিন এবং বাকী-----টাকা অদ্য হতে -----মাসের মধ্যে দ্বিতীয় পক্ষ ১ম পক্ষকে প্রদান করিবেন।

০৫.২. দ্বিতীয় পক্ষের প্রাপ্তি/অংশিদারিত্ব:

ফ্ল্যাট এ্যাপার্টমেন্ট স্পেস-----% হিসেবে-----নং ফ্ল্যাট।

পার্কিং স্পেসঃ-----%

০৫.৩. উক্ত ভবনের সকল বিষয়ে অংশিদারিত্ব হইবে প্রথম পক্ষ ভূমির মালিক-----% এবং দ্বিতীয় পক্ষ ডেভেলপার -----%

০৬.০ ভবনের নির্মাণ পদ্ধতি ও স্পেসিফিকেশন:-

০৬.১ ভবনটি দ্বিতীয় পক্ষের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন মোতাবেক প্রথম পক্ষের সম্মতি ক্রমে নির্মাণ করা হইবে। ভবনটির ভিত্তি বা ফাউন্ডেশন-----তলা ভবনের হইবে।

০৬.২ দ্বিতীয় পক্ষ/ডেভেলপার নির্মাণ কাজের স্বার্থে প্রয়োজনে মাটি কাটা ও অপসারণ বা বিক্রয় করিতে পারিবে এবং ব্যবহারের অযোগ্য বর্জ্য বা নির্মাণ সামগ্রী বিক্রয়, স্থানান্তর বা অপসারণ করিতে পারিবেন।

০৬.৩. দ্বিতীয় পক্ষ/ডেভেলপার কোম্পানী এ্যাপার্টমেন্ট নির্মাণ ও বিক্রয়ের লক্ষ্যে অস্থায়ী দেয়াল নির্মাণ, স্টোর ও পানির জলাধার নির্মাণ, নির্মাণ সামগ্রী রাখা, নিরাপত্তা প্রহরী নিয়োগ, শ্রমিকদের বসবাস ও থাকার সু-বন্দোবস্ত করা সহ একই উদ্দেশ্যে সেন্টারিং দ্রব্যাদি, বাঁশ, কাঠ, বালু, সিমেন্ট, ইট, প্রভৃতিসহ ইট ভাংগার যন্ত্র,

মোজাইক মেশিন, মিস্কার মেশিন, পানির পাম্প, ড্রিল ওয়েল্ডিং মেশিন ইত্যাদি যখন যেথায় প্রয়োজন তাহা স্থাপন ও ব্যবহার করিতে পারিবেন।

০৬.৪. প্রস্তুতবিত আবাসিক ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট ভবনের মধ্যে দ্বিতীয় পক্ষ/ডেভেলপার কোম্পানী তাহাদের প্রাপ্য ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট সমূহের অভ্যন্তর ভাগের ফিটিংস কোম্পানী নিজেদের বা ক্রেতাগণের ইচ্ছামত তৈরী করিতে পারিবেন। ইহা ছাড়াও দ্বিতীয় পক্ষ/ডেভেলপার কোম্পানী তাহাদের নিজেদের অথবা ক্রেতাগণের ইচ্ছায় ক্যান্টনমেন্ট বোর্ড অনুমোদিত নকশার মূল কাঠামো অপরিবর্তিত রেখে তাহাদের প্রাপ্য ফ্ল্যাটগুলির অভ্যন্তর ভাগের ফ্ল্যাটসমূহের আকার ও আয়তন ছোট বড় করিতে পারিবেন। তবে লক্ষ রাখতে হবে এ ধরনের পরিবর্তনের দলে যেন প্লট মালিকের অংশের ফ্ল্যাট সমূহে কোন সমস্যা সৃষ্টি না হয়।

০৭.০ নির্মাণ সময়ঃ

ক্যান্টনমেন্ট বোর্ড হইতে নকশা অনুমোদন বা প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষকে প্রস্তুতবিত ভবন নির্মাণের লক্ষ্যে খালি জমি নিষ্টক অবস্থায় হস্তান্তর দুটির মধ্যে যেটি পরে হইবে সেই দিন হইতে প্রস্তাবিত ০৭ তলা ভবনের জন্য সময় সীমা ৩০ (ত্রিশ) মাস এবং উক্ত ৩০ (ত্রিশ) মাসের সাথে অতিরিক্ত আর ০৬ (ছয়) মাস গ্রেস পিরিয়ড হিসাবে আনুষঙ্গিক কাজ সম্পাদনের জন্য যুক্ত হইবে। তবে শর্ত থাকে যে, কোন আবশ্যিক কারণে যেমন প্রাকৃতিক দুর্যোগ, ধর্মঘট, গৃহযুদ্ধ ইত্যাদিতে যদি নির্মাণ কার্য চালিয়ে যাওয়া সম্ভব না হয়, তবে যতদিন উক্ত অবস্থা বিদ্যমান থাকিবে সেই সময়কে ফ্ল্যাট নির্মাণে বর্ধিত সময় হিসাবে গণ্য হইবে।

০৮.০ ফ্ল্যাট হস্তান্তরে বিলম্বঃ

যদি দ্বিতীয় পক্ষ নির্ধারিত সময় অর্থাৎ ০৭ তলা ভবনের জন্য ৩৬ মাস এবং সময়ের মধ্যে প্রথম পক্ষের নির্মিতব্য ফ্ল্যাট সমূহ হস্তান্তর করতে সফল না হয় তাহা হইলে বিলম্বিত মাস সমূহের জন্য প্রতি মাসে কম-বেশী বর্গফুট ফ্ল্যাটের জন্য মাসিক ভাড়া -----টাকা দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে ফ্ল্যাট প্রতি ভাড়া প্রদান করিবেন। এ মেয়াদ সর্বোচ্চ ১২ (বার) মাস পর্যন্ত প্রযোজ্য হবে। অতঃপর প্রতিমাসে ১০% হারে অতিরিক্ত ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

০৮.১ দ্বিতীয় পক্ষ তাহাদের প্রাপ্য ফ্ল্যাট বিক্রয়ের সময় সংশ্লিষ্ট ক্রেতাকে অত্র চুক্তিনামার একটি ফটোকপি সরবরাহ করতঃ তাহার নিকট হইতে প্রাপ্তি স্বীকার রশিদ গ্রহণ করিবেন এবং প্রাপ্তি স্বীকার রশিদের একটি কপি প্রথম পক্ষকে প্রদান করিবেন।

০৯.০ লাভ ক্ষতিঃ

দ্বিতীয় পক্ষ ডেভেলপার তার নিজ খরচে সকল প্রকার লেবার, মিস্ত্রি কন্ট্রাকটর নিয়োগ করে মালামাল ক্রয় করে ভবনটি নির্মাণ করবেন এবং উক্ত কাজ দ্বিতীয় পক্ষ ডেভেলপার তাহার অংশের-----% অর্জিত অবিভক্ত আনুপাতিক হারে নির্ধারিত জমিসহ ফ্ল্যাট বা এ্যাপার্টমেন্ট সমূহ ও কার পার্কিং বিক্রয় করতঃ অর্থ সংগ্রহ বা সংস্থান করিবেন এতদসংক্রান্ত কাজে সংশ্লিষ্ট যে কোন প্রকার লাভ ক্ষতির সাথে প্রথম পক্ষ সংযুক্ত হইবে না বা তাহার কোন দায়িত্ব থাকিবে না।

১০.০ বিক্রয় বিপণন ভূমি স্থানান্তর ও নিবন্ধন ভূমি ট্রান্সফার, নামান্তর ও তাহার ব্যবস্থাপনাঃ-

অত্র চুক্তিবলে প্রথম পক্ষ ডেভেলপারকে সন্তুষ্ট চিত্তে নিম্নে তফসিল বর্ণিত ভূমির উপর নির্মিতব্য প্রস্তাবিত ভবন দ্বিতীয় পক্ষের নির্ধারিত ফ্ল্যাট ও কার পার্কিং স্পেস সমূহ আনুপাতিক হারে অবিভক্ত ও অর্জিত জমি বিক্রয়ের নিমিত্তে সাইন বোর্ড স্থাপন, ক্রেশিয়ার ছাপানো পত্র প্রতিকায় ও বিভিন্ন মিডিয়ায় বিজ্ঞাপন প্রদানের মাধ্যমে ক্রেতার নিকট বিক্রয় বুকিং ফরম পূরণ করা, চুক্তি করা ও বরাদ্দ প্রদান করার মাধ্যমে উহার বিক্রয় মূল্য নির্ধারণ পূর্বক বিক্রয় লব্ধ অর্থ গ্রহণ করতঃ প্রাপ্তি স্বীকার পত্র প্রদান সহ আনুষঙ্গিক সকল কাজের ক্ষমতা সুষ্ঠু ও সন্তুষ্ট চিত্তে প্রদান করিবেন। যেহেতু ২য় পক্ষ প্রস্তাবিত ভবনটি ও ভবনটির সকল ফ্ল্যাট সমূহ সহ অন্যান্য আনুষঙ্গিক সুবিধা নির্মাণের ব্যয় ভার বহন করিবেন

সেই হেতু প্রথম পক্ষ তাহার প্রতিদান স্বরূপ অত্র চুক্তিপত্র অনুযায়ী ভবনটির নির্মাণ সম্পন্ন হইবার পর প্রতিরক্ষা মন্ত্রণালয়, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড, ডিওএইচএস কমিটি ও পরিষদ কর্তৃক প্রচলিত আইন অনুযায়ী প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের নির্ধারিত অংশের ফ্ল্যাট ও কার পার্কিং স্পেস হস্তান্তর, নামান্তর, রেজিস্ট্রেশন, ট্রান্সফার এবং এতদসংক্রান্ত সকল কার্যাদি সম্পন্ন করিবেন। তবে এতদসংক্রান্ত আনুষঙ্গিক খরচ দ্বিতীয় পক্ষ বহন করিবেন।

কোন অবস্থাতেই বা কোন ক্রমেই প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের বিক্রীত অংশের অর্থাৎ ফ্ল্যাট সমূহের দলিল সম্পাদনের ব্যাপারে কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিবেন না যদি করেন সে ক্ষেত্রে আইনত আগ্রাহ্য বলিয়া গণ্য হইবে, তথাপি যদি প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের নির্ধারিত অংশের ফ্ল্যাট ও কার পার্কিং সমূহ দ্বিতীয় পক্ষের মনোনীত ক্রেতার বরাবরে আনুপাতিক হারে অবিভক্ত ও অচিহ্নিত ভূমি এবং অন্যান্য স্বাভাবিক সুবিধা সহ ট্রান্সফার ও হস্তান্তর দলিল করতে অসম্মতি জ্ঞাপন করে সেই ক্ষেত্রে দ্বিতীয় পক্ষ শর্তাবলী কার্যকর ও বলবৎ রাখার জন্য বিজ্ঞ আদালতে আইনের আশ্রয় নিতে পারবেন এবং এহেন জটিলতা ও অসম্মতির জন্য প্রথম পক্ষ একক ভাবে দায়ী থাকিবেন। তবে উল্লেখ্য থাকে যে, ডিওএইচএসতে সুস্থ পরিবেশ রক্ষার স্বার্থে দ্বিতীয় পক্ষ তাহাদের ফ্ল্যাট ক্রেতা মনোনয়ন করার সময় উক্ত ক্রেতার নাম পরিচিতি ব্যক্ত করিয়া প্রথম পক্ষের, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর এবং ডিজিএফআই এর লিখিত সম্মতি গ্রহণ করিবেন।

১১.০ ঋণ সুবিধাঃ

ফ্ল্যাট ক্রেতা সমূহের ফ্ল্যাট ক্রয়ের জন্য আর্থিক সুবিধা স্বরূপ দ্বিতীয় পক্ষ ডেভেলপার ফ্ল্যাট ক্রেতাগণের জন্য হাউজিং ফিন্যান্সিয়াল অর্গানাইজেশন বা অর্থলগ্নী প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণের ক্ষেত্রে ক্রেতাগণকে ডিওএইচএস এর প্রচলিত নীতিমালা অনুযায়ী সহযোগিতা করবেন এবং এ সকল বিষয়ে প্রথম পক্ষ, দ্বিতীয় পক্ষকে সার্বিক সহযোগিতা প্রদান করিবেন। তবে ঋণ গ্রহণ প্রক্রিয়াকরণের সময় ঋণ গ্রহণের এবং ঋণ মঞ্জুরির পর মঞ্জুরির বিষয়-উভয়টি ফ্ল্যাট ক্রেতা এবং দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষকে লিখিতভাবে জানাবেন।

১২.০ ভবন নির্মাণের পক্ষে প্রয়োজনীয় আইনগত ডকুমেন্টেশনঃ-

১২.১। দ্বিপক্ষীয় চুক্তি পত্রঃ অত্র চুক্তি পত্রটিই প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষের মধ্যে নিম্ন তফসিল বর্ণিত ভূমির উপর ভবন নির্মাণের লক্ষ্যে কার্যকর দ্বিপক্ষীয় চুক্তি নামা বলে গন্য হবে।

১২.২। পাওয়ার অব এটর্নী বা আম-মোক্তার নামা অত্র দ্বিপক্ষীয় চুক্তি নামা সহ স্বাক্ষর সম্পাদনের পর বা ভবিষ্যতে যে কোন সময় অর্থাৎ অত্র চুক্তি পত্র মোতাবেক দ্বিতীয় পক্ষ কর্তৃক মনোনীত ক্রেতাগণের নিকট ফ্ল্যাট, কারপার্কিং ও অচিহ্নিত ও অবিভক্ত আনুপাতিক হারে ভূমি সহ নামান্তরের ও নিবন্ধনের পূর্বে বিধি মোতাবেক প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের অনুকূলে দ্বিতীয় পক্ষের জন্য নির্ধারিত আনুপাতিক হারে অচিহ্নিত ও অবিভক্ত ভূমিসহ ফ্ল্যাট বা এ্যাপার্টমেন্ট ও কার পার্কিং স্পেস সমূহ দ্বিতীয় পক্ষের মনোনীত ক্রেতার নিকট বিক্রয়লব্ধ অর্থ গ্রহণপূর্বক ট্রান্সফার রেজিস্ট্রেশন, নামান্তর সহ সাব কবলা দলিল বা হস্তান্তর দলিল ও এতদসংক্রান্ত যাবতীয় খরচাদি সম্পাদনের ক্ষমতা প্রদান পূর্বক একটি নিবন্ধনকৃত অনুমোদনীয় আম-মোক্তারনামা সম্পাদন করিয়া দ্বিতীয় পক্ষকে প্রথম পক্ষ তাহার মনোনীত আম-মোক্তার নিয়োগ করবেন।

১৩.০ নির্মিতব্য ভবন ব্যবহারঃ

নির্মিতব্য ভবনটি আবাসিক ভবন হিসাবে ব্যবহৃত হইবে এবং উক্ত ভবনে সকল প্রকার সুযোগ সুবিধা যেমন উন্মুক্ত স্থান, প্রবেশ ও বাহির পথ, গাড়ী চলাচলের রাস্তা, করিডোর, সিঁড়ি, আধুনিক লিফট, জেনারেটর, সিসি ক্যামেরা, বৈদ্যুতিক গিজার, গ্যাস, মোটর পাম্প, কমন প্যাসেজ, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, সীমানা প্রাচীর, সিঁড়ি, ট্যাংক. নিরাপত্তা ব্যবস্থা, ভূগর্ভস্থ জলাধার, টেলিফোন ও ডিস লাইন (ইনবিল্ড) ইত্যাদি সকল প্রকার সাধারণ সুযোগ-সুবিধা ও

আলোর স্বাভাবিক সুবিধা সমূহ ১ম পক্ষ ও ২য় পক্ষ অংশের ফ্ল্যাট ক্রেতাগণ সমভাবে ভোগ করিবেন এবং সমহারে/সমভাবে ভোগদখলের সুবিধার্থে রক্ষণাবেক্ষণ ও পরিচালনে সচেষ্ট থাকিবেন।

১৪.০ চুক্তিপত্রের মেয়াদকালঃ

অত্র চুক্তিপত্র দলিল প্রস্তুতকৃত বহু তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ করিয়া প্রথম পক্ষ/ভূমির মালিক এর প্রাপ্য ফ্ল্যাট ও কার পার্কিং স্পেসসহ ভূমির মালিককে বুঝাইয়া দেয়া এবং দ্বিতীয় পক্ষ/ডেভেলপার কোম্পানীর প্রাপ্য ফ্ল্যাট ও কার পার্কিং স্পেসসমূহ ক্রেতার অনুকূলে হস্তান্তর না করা পর্যন্ত বহাল/বলবৎ থাকিবে।

১৫.০ প্রকল্প ভবন নির্মাণের ক্ষেত্রে বা প্রকল্প বাস্তবায়নে প্রাকৃতিক দুর্যোগ, অগ্নি সংযোগ, আক্রমণ, হিংস্রতা, উগ্রতা সামরিক হস্তক্ষেপ, বলপ্রয়োগে আওতা বহির্ভূতভাবে হরতাল, দৈব দুর্বিপাক, সাম্প্রদায়িকতা, ভূমিতে পানি জমে থাকা, অসামঞ্জস্যপূর্ণ বাধা বিপত্তি এবং সেবাপ্রদানকারী কানেকশন এর ক্ষেত্রে (গ্যাস, বিদ্যুৎ, পানি) সরকার কর্তৃক জারীকৃত কোন নির্বাহী আদেশের বলে বন্ধ থাকলে প্রভৃতি কারণে কোন প্রকার বাধা বিঘ্নের সৃষ্টি হইলে বা প্রকল্প ভবন নির্মাণ বাধাগ্রস্ত হইলে উহার জন্য প্রথম পক্ষ নির্মাণ কোম্পানীকে কোন প্রকার দায়ী করিতে বা ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না।

১৬.০ অত্র চুক্তিনামার শর্ত ভঙ্গের কারণে বা শর্ত সমূহ অবস্থার পরিপ্রেক্ষিতে সংশোধন করিতে হইলে কিংবা যে কোন বিরূপ অবস্থার পরিপ্রেক্ষিতে উক্ত সমস্যা সমাধান বা নিষ্পত্তি করিতে হইলে উভয় পক্ষগণ নিজেরা আপোষে উহার মীমাংসা, নিষ্পত্তি বা সংশোধন করিয়া প্রকল্প বাস্তবায়ন করিবেন এবং উক্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং সকল সমস্যার সমাধান করা যাইবে।

১৬.১ উভয় পক্ষের সম্মতিক্রমে অত্র সমঝোতার চুক্তিপত্র দলিল বা ইহার কোন অংশ লিখিতভাবে পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন বা সংশোধন করা যাইবে। প্রকল্পের স্বার্থে এবং উভয় পক্ষের সম্পত্তির ভিত্তিতে পক্ষগণ পরবর্তীতে সম্পূর্ণক চুক্তি সম্পাদন করিতে পারিবেন যাহা অত্র সমঝোতার চুক্তি পত্রের একাংশ বলিয়া গণ্য হইবে।

১৭.০ সালিসী অনুচ্ছেদঃ- অত্র চুক্তি সংক্রান্ত অথবা চুক্তি হইতে উদ্ভূত বিষয়ে পক্ষগণের মধ্যে কোন বিরোধ সৃষ্টি হইলে সালিসী আইন, ২০০১-এর ধারা অনুসারে তাহা নিষ্পত্তি করা হইবে। পক্ষগণ তাহাদের বিরোধ নিষ্পত্তিতে ডিওএইচএস পরিষদ-কে সালিসকারক হিসাবে নিয়োগ প্রদান করিবেন, যিনি একক সালিসকারক হিসাবে বিষয়টি নিষ্পত্তি করিবেন, এইক্ষেত্রে সালিসকারকের মতামত চূড়ান্তরূপে বিবেচিত হইবে এবং পক্ষগণের উপর তাহা বাধ্যকর হইবে।

১৮.০ ১ম পক্ষ অথবা ২য় পক্ষ অথবা উভয়ের অবর্তমানে অত্র চুক্তিপত্রের সকল শর্তাবলী উভয় পক্ষের ওয়ারিশ এর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হইবে।

১৯.০ অত্র চুক্তিপত্র দলিল হলফনামাসহ ----- পাতায় কম্পোজকৃত এবং -----টি মূল দলিলে লিখিত হইয়া সম্পাদিত হইল এবং -----জন সাক্ষী বটে।

তফসিল বর্ণিত সম্পত্তির বিবরণ

তফসিল -ক

জেলা-----খানা-----ও সাব-রেজিষ্ট্রি অফিস-----
মৌজা-----ডিওএইচএস-----আবাসিক এলাকা, প্লট নং-----
--- রোড নং-----জমির পরিমাণ -----কাঠা। যাহার বর্তমান চৌহদ্দিঃ

উত্তরেঃ -----
পশ্চিমেঃ -----

পূর্বেঃ-----
দক্ষিণেঃ-----

এতদ্বার্থে স্বেচ্ছায়, স্বজ্ঞানে, স্থির মস্তিস্কে এবং সুস্থ ও স্বাধীন চিত্তে পক্ষগণ অত্র সমঝোতা চুক্তিপত্র দলিল নিজের ও হিতাকাংখীদের দ্বারা পড়াইয়া শুনিয়া উহার মর্ম উপলব্ধি করিয়া পক্ষগণের যার যার স্বার্থে অত্র চুক্তিনামা দলিলে বর্ণিত সাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষর দ্বারা সম্পাদন করিলেন।

সাক্ষীগণের স্বাক্ষর ও ঠিকানাঃ-	
১।	প্রথম পক্ষ/প্লট মালিক
২।	দ্বিতীয় পক্ষ/ডেভেলপার কোম্পানী
৩।	মুসাবিদাকারক

“বিসমিল্লাহির রাহমানির রাহীম”

ফরমেট

ফ্ল্যাট হস্তান্তর দলিল

(Deed of Transfer of Flat)

ক্রমিক নং	বহি নং	দলিল নং-	তারিখ-
-----------	--------	----------	--------

১। রেজিস্ট্রি অফিসের নাম :

২। দলিলের সার সংক্ষেপ :

দলিলের প্রকৃতি	মোজার নাম	ইউনিয়ন/ওয়ার্ড	থানা/উপজেলা	জেলা
দলিল				

হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ	শ্রেণী	মূল্য (অংকে ও কথায়)
----- সেনানিবাসে -----ডিওএইচএস- এর ----- বর্গগজ জমি বিশিষ্ট ----- নং প- টে নির্মিত ----- তলা ভবনের ----- তলার ----- বর্গফুট আয়তনের ফ্ল্যাট -----টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ	ফ্ল্যাট বাড়ী	

৩। দলিল গ্রহীতা/গ্রহীতাগণের নাম, স্বাক্ষর ও ঠিকানা :

নাম :
পিতার নাম :
মাতার নাম :
বয়স/জন্ম তারিখ :
ধর্ম :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র নং :
টিআইএন :



স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা

৪। দলিল দাতা/দাতাগণের নাম, স্বাক্ষর এবং ঠিকানা :

নাম :
পিতা নাম :
মাতার নাম :
বয়স/জন্ম তারিখ :



জাতীয়তা :
 ধর্ম :
 পেশা :
 জাতীয় পরিচয় পত্র নং :

স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা

৫। আম-মোজার/অভিভাবক/প্রতিনিধির মাধ্যমে দলিল সম্পাদিত হয়ে থাকলে আম-মোজারের নাম, ঠিকানা ও বিবরণ : প্রযোজ্য ক্ষেত্রে।

৬। আম-মোজারনামার বিবরণ(প্রযোজ্য ক্ষেত্রে) :

৭। হস্তান্তরিত জমির ন্যূনপক্ষে ২৫ বছরের মালিকানার ধারাবাহিক বিবরণ ও যথাযথ ক্ষেত্রে বায়া দলিল সমূহের বিস্তারিত বিবরণ এবং হস্তান্তরের উদ্দেশ্যে, সম্পত্তির দখল, ইজমেন্ট স্বত্ব এবং হস্তান্তরসম্পর্কিত উলেখযোগ্য মন্তব্য (যদি থাকে) সম্পর্কিত বিবরণ :-

পরম করুণাময় সর্বশক্তিমান আল্লাহ তালার নাম স্মরণ করিয়া শহর ও জেলা-----, থানা-----, মৌজা-----, -----সাব-রেজিস্ট্রি অফিসের আওতাভুক্ত ক্যান্টনমেন্ট সাধারণ ভূমি রেজিস্ট্রারে রেকর্ডভুক্ত সার্ভে নং----- এর অধীন ----- সেনানিবাসে ----- ডিওএইচএস-এর ----- বর্গগজ জমি বিশিষ্ট ----- নং প্লটে নির্মিত ----- তলা ভবনের ----- তলার -----বর্গফুট আয়তনের ফ্ল্যাট, -----টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভাজ্য/অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ হস্তান্তর দলিলের লিখিত বিষয়ে বয়ান আরম্ভ করিলাম :-

তফসিলে বর্ণিত সম্পত্তি এল এ কেস নং----- এর মাধ্যমে প্রতিরক্ষা বিভাগের জন্য ----- সালে হুকুম দখল করা হয়। অতঃপর তফসিলে বর্ণিত সম্পত্তি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ----- তারিখের ----- নং পত্র এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকার ----- তারিখের -----নং পত্র মারফত ----- ডিওএইচএস এর -----বর্গগজ বিশিষ্ট -----নং প্লটটি অত্র দলিল দাতার অনুকূলে বরাদ্দ করা হয়।

অত্র দলিল দাতা তফসিলে বর্ণিত প্লটটি বরাদ্দপ্রাপ্তির পর বরাদ্দপত্রের শর্ত মোতাবেক সরকারের যাবতীয় পাওনাদি পরিশোধ করিয়া বিগত -----তারিখে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, ----- সার্কেল, ----- সেনানিবাসের সহিত ৯৯ বৎসরের জন্য নবায়নযোগ্য একখানা ইজারা সম্পাদন করেন। উক্ত লীজ দলিল সাব-রেজিস্ট্রার, -----, -- -----,----- নম্বর লীজ দলিলমূলে ----- তারিখে রেজিস্ট্রি করা হয়। অতঃপর তফসিলে বর্ণিত সম্পত্তি সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের প্রতিনিধির মাধ্যমে -----বর্গগজ জমির দখল সরেজমিনে ----- তারিখে হস্তান্তর/গ্রহণ পত্রের মাধ্যমে বুঝাইয়া দেওয়া হয়। পরবর্তীতে তফসিলে বর্ণিত প্লটে বাড়ী নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড, ----- সেনানিবাস হতে বিল্ডিং নকশা অনুমোদন করাইয়া অনুমোদিত প্ল্যাণ অনুযায়ী ----- তলা বাড়ী নির্মাণ করেন।

সম্পত্তি হস্তান্তরের উদ্দেশ্যে : অত্র দলিল দাতার নামে ইজারা প্রদত্ত -----বর্গগজ জমি বিশিষ্ট -----নং প্লটে -- -----নামীয় নির্মাণ প্রতিষ্ঠানের মাধ্যমে -----তলা বাড়ীর নির্মাণ কাজ সম্পন্ন করা হইয়াছে। এই বাড়ী নির্মাণের ব্যয় সম্পন্ন করার জন্য দাতার অনুমতিক্রমে ডিজিএফআই এর ছাড়াপত্র সাপেক্ষে নির্মাণ প্রতিষ্ঠান/ডেভেলপারের প্রাপ্য --- % অংশ ক্রয়ের জন্য ফ্ল্যাট গ্রহিতারা অর্থ প্রদান করেন। নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভেলপারের প্রাপ্য অংশের একটি ফ্ল্যাট বিক্রয়ের উদ্দেশ্যে অত্র দলিলের তফসিলে বর্ণিত সম্পত্তি আমি/আমরা দলিল দাতা করিতেছি।

সম্পত্তি হস্তান্তরের উদ্দেশ্যে (স্বয়ং দলিল দাতা ইজারা গ্রহীতার অংশের ফ্ল্যাট বিক্রয়ের ক্ষেত্রে): আমি দলিল দাতার নামে ইজারা প্রদত্ত -----বর্গগজ জমি-----নং প্লটে----- তলা বিশিষ্ট বাড়ী----- নামীয় নির্মাণ প্রতিষ্ঠানের মাধ্যমে/স্বয়ং নির্মাণ করিয়াছি। আমার একান্ড প্রয়োজনীয় পারিবারিক ব্যয় নির্বাহের জন্য আমার অংশের -----ফ্ল্যাটটি হস্তান্তর করিতেছি।

হস্তান্তর সম্পর্কিত বিবরণ (নির্মাণ প্রতিষ্ঠানের অংশের ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে) : ----- সেনানিবাসে -----
 --- ডিওএইচএস-এর ----- বর্গগজ জমি বিশিষ্ট ----- নং প্লটে বাড়ী নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড, -----সেনানিবাস হইতে বিল্ডিং নকশা অনুমোদন করা ইয়া নিয়া অনুমোদিত নকশা অনুযায়ী ----- তলা বাড়ী নির্মাণের জন্য -----নামীয় নির্মাণ প্রতিষ্ঠানের সাথে বিগত -----তারিখে দ্বিপাক্ষিক চুক্তিপত্রে আবদ্ধ হই। উক্ত চুক্তিপত্র মোতাবেক -----তলা ভবনের নির্মিত ফ্ল্যাট সমূহের মধ্যে অত্র দলিল দাতার অংশে----- ফ্ল্যাট এবং নির্মাণ প্রতিষ্ঠানের অংশে-----ফ্ল্যাটের মালিকানা সাব্যস্ত হয়। উক্ত চুক্তিপত্র অনুযায়ী নির্মাণ প্রতিষ্ঠানের অংশের ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের দলিল সম্পাদনের দায়িত্ব অত্র দলিল দাতার উপর বর্তাইয়াছে বিধায় নির্মাণ প্রতিষ্ঠানের অংশের----- তলার -----বর্গফুট আয়তনের ফ্ল্যাট, -----টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভাজ্য/অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে অনুমতি চাহিলে সদাশয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা ----- ইং তারিখের -----
 ----- নং পত্রের প্রাধিকারবলে পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের ----- তারিখের ----- নং পত্রের মাধ্যমে তফসিলে বর্ণিত সম্পত্তি হস্তান্তরের জন্য চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। তফসিলে বর্ণিত ফ্ল্যাটটি সম্পর্কে সরকারী যাবতীয় আইন-কানুন, বিধি-নিষেধ নীতিমালা পালন করতঃ মালিক ও দখলকার হিসেবে যাবতীয় ভোগ দখলে অধিকারী হইলেন/হইলেক বিধায় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৯-১০-২০০৫ ইং তারিখের ১প্রকল্প-৪/৯৫/ডি-৯/৪৫২ নং পত্রের ক্রোড়পত্র 'গ-১' মারফত প্রণীত নীতিমালার শর্তাবলী আপনার উপর বর্তাইল এবং আপনি উহা ভবিষ্যতে মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। উক্ত নীতিমালার একটি কপি আপনাকে/আপনাদেরকে অত্র দলিলের সঙ্গে দেওয়া হইল। উল্লেখ্য যে, নীতিমালা মোতাবেক বাড়ীর ছাদ মূল ইজারা গ্রহীতার মালিকানায় থাকিবে। তবে উক্ত ছাদ ব্যবহারের অধিকার আপনার/আপনাদের থাকিবে। ফ্ল্যাট ক্রেতাগন দলিল দাতা/দাতাদের সম্মতিক্রমে সীমিত হারে ছাদ ব্যবহার করিতে পারিবেন।

হস্তান্তর সম্পর্কিত বিবরণ: (অত্র দলিল দাতার অংশের ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে): -----সেনানিবাসের-----
 -----ডিওএইচএসব এর -----বর্গগজ জমি বিশিষ্ট -----নং প্লটে বাড়ী নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড----- সেনানিবাস হইতে বিল্ডিং নকশা অনুমোদন করা ইয়া নিয়া অনুমোদিত নকশা অনুযায়ী -----
 -----তলা বাড়ী নির্মাণের জন্য-----নামীয় নির্মাণ প্রতিষ্ঠানের সাথে বিগত-----তারিখে দ্বিপাক্ষিক চুক্তিপত্রে আবদ্ধ হই। উক্ত চুক্তিপত্র মোতাবেক-----তলা ভবনের নির্মিত ফ্ল্যাট সমূহের মধ্যে অত্র দলিল দাতার অংশে-----ফ্ল্যাট এবং নির্মাণ প্রতিষ্ঠানের অংশে-----ফ্ল্যাটের মালিকানা সাব্যস্ত হয়। আমি (অত্র দলিল দাতা) আমার অংশের-----তলার-----বর্গফুট আয়তনের ফ্ল্যাট-----টি কারপার্কিং এবং আনুপাতিক হারে অবিভাজ্য ও অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ নিমিত্তে অনুমতি চাহিলে সদাশয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা ----- ইং তারিখের -----
 ----- নং পত্রের প্রাধিকারবলে পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের ----- তারিখের ----- নং পত্রের মাধ্যমে তফসিলে বর্ণিত সম্পত্তি হস্তান্তরের জন্য চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। তফসিলে বর্ণিত ফ্ল্যাটটি সম্পর্কে সরকারী যাবতীয় আইন-কানুন, বিধি-নিষেধ নীতিমালা পালন করতঃ মালিক ও দখলকার হিসেবে যাবতীয় ভোগ দখলে অধিকারী হইলেন/হইলেক বিধায় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৯-১০-২০০৫ ইং তারিখের ১প্রকল্প-৪/৯৫/ডি-৯/৪৫২ নং পত্রের ক্রোড়পত্র 'গ-১' মারফত প্রণীত নীতিমালার শর্তাবলী আপনার উপর বর্তাইল এবং আপনি উহা ভবিষ্যতে মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। উক্ত নীতিমালার একটি কপি আপনাকে/আপনাদেরকে অত্র দলিলের সঙ্গে দেওয়া হইল। উল্লেখ্য যে, নীতিমালা মোতাবেক বাড়ীর ছাদের মালিকানা যথারীতি মূল মালিকানায় থাকিবে। তবে বাড়ীতে

অবস্থানরত সকল ফ্ল্যাট ক্রেতা/ভাড়াটিয়াগণের ছাদ ব্যবহারের সুযোগ থাকবে। ফ্ল্যাট ক্রেতাগন দলিল দাতা/দাতাদের সম্মতিক্রমে সীমিত হারে ছাদ ব্যবহার করিতে পারিবেন।

কোন ইজমেন্ট স্থায়ীত্ব আছে কিনা : ----- সেনানিবাসে ----- ডিওএইচএস-এর ----- বর্গগজ জমি বিশিষ্ট -----নং প্লটে নির্মিত ----- তলা ভবনের ----- তলার ----- বর্গফুট আয়তনের ফ্ল্যাট, -----টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভাজ্য/অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ।

হস্তান্তরিত ফ্ল্যাটের দখল হস্তান্তরদলিল গ্রহীতাকে বুঝাইয়া দেয়া সম্পর্কিত বিবরণ : আমি/আমরা অত্র দলিল দাতা/দাতাগন দলিল সম্পাদনের নিমিত্তে ফ্ল্যাটটি বুঝাইয়া দিয়া আমি/আমরা এবং আমার/আমাদের অলি ওয়ারিশগণ চিরতরে নিঃস্বত্ববান ও দখলত্যাগী হইলাম। অত্র দলিল গ্রহিতা অদ্যকার তারিখ হইতে নিম্ন তফসিল বর্ণিত ফ্ল্যাটটির মালিক দখলকার নিয়ত হইয়া পুত্র পৌত্রাদিক্রমে স্থলবর্তী অলি ওয়ারিশগণ পরম সুখে ভোগ দখল করিতে থাকিবেন। নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি আপনার/আপনাদের নিজ নামে নামজারী ও জমাভাগ করাইয়া রীতিমত বার্ষিক খাজনাদি পরিশোধক্রমে চেক দাখিলা গ্রহণে ভোগ দখল করিতে রহেন ও রহুক। নিম্ন তফসিল বর্ণিত ফ্ল্যাট বা উহার কোন অংশের উপর আমি/আমরা অত্র দলিল দাতা/দাতাগন বা আমাদের কোন ওয়ারিশগণ কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না এবং কেউ দাবী দাওয়া করিলেও উহা সর্ব আদালতে সর্বোতভাবে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে। তফসিলে বর্ণিত সম্পত্তির উপর নির্মিত বাড়ীর গ্যারেজ, সিঁড়ি, ছাদ ও বাড়ী সম্পর্কে সরকারী যাবতীয় আইন-কানুন, বিধি-নিষেধ নীতিমালা পালন করতঃ মালিক ও দখলকার হিসাবে যাবতীয় ভোগ দখলে অধিকারী হইলেন/হইলেক।

হস্তান্তরিত ফ্ল্যাট সম্পর্কিত উল্লেখযোগ্য মন্তব্যঃ-তফসিলে বর্ণিত সম্পত্তির উপর নির্মিত বাড়ীর গ্যারেজ, সিঁড়ি, সকলেই ব্যবহার করিবে এবং রক্ষণাবেক্ষণ করিতে বাধ্য থাকিবে। তবে ছাদের একচ্ছত্র মালিকানা মূল ইজারা গ্রহিতার থাকিবে। যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করিলে ইজারা গ্রহিতা ছাদে নতুন নির্মাণ কাজ করিতে পারিবেন। স্যুয়ারেজ ও পানির রিজার্ভ ট্যাংক রক্ষণাবেক্ষণের দায়িত্ব অত্র দলিল দাতা এবং অত্র দলিল গ্রহিতার উপর আনুপাতিক হারে বর্তাইবে। উক্ত ফ্ল্যাটের অংশের বিদ্যুৎ ও গ্যাসের ব্যবস্থা যাহা পৃথক আছে উহার রক্ষণাবেক্ষণ, দায়-দায়িত্ব দলিল গ্রহিতার উপর বর্তাইবে। তবে কমন বিদ্যুৎ, গ্যারেজ, নিরাপত্তা প্রহরী, পানি তোলা, বাড়ীর পেরিমিটার ওয়াল, জেনারেটর, সাবস্টেশন, লিফট, সোলার প্যানেল ইত্যাদি রক্ষণাবেক্ষণ খরচ আনুপাতিকহারে সকলে বহন করিবে। সম্পূর্ণ বাড়ীটি যখন রং করা হইবে তখন উহার খরচের অংশও আনুপাতিক হারে সকলে বহন করিবে। প্রাকৃতিক দুর্যোগে বাড়ীটির কোনপ্রকার ক্ষতিসাধন হইলে সবাই আনুপাতিকহারে ক্ষতির খরচের অংশ বহন করিবেন। দলিল গ্রহিতা/গ্রহিতাগন আনুপাতিকহারে তাহার/তাহাদের অংশের খাজনা, ট্যাক্স এবং ক্যান্টনমেন্ট বোর্ড বা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে ধার্যকৃত কর বা বিল পাওনা ইত্যাদি পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৮। একাধিক ক্রেতা/গ্রহীতার ক্ষেত্রে ক্রয়কৃত/অর্জিত জমির হারাহারি মালিকানার বিবরণ :

৯। একাধিক বিক্রেতা/দাতার ক্ষেত্রে ক্রয়কৃত/অর্জিত জমির হারাহারি মালিকানার বিবরণ :

১০। সম্পাদনের তারিখ (বাংলা ও ইংরেজী) : বাংলা -----সালের

১১। সম্পত্তির তফসিল : শহর ও জেলা-----, থানা-----, মৌজা-----, ----- সাব-রেজিষ্ট্রি অফিসের আওতাভুক্ত ক্যান্টনমেন্ট সাধারণ ভূমি রেজিষ্ট্রারে রেকর্ডভুক্ত সার্ভে নং----- এবং ----- (অংশ) এর অধীন -----সেনানিবাসে -----ডিওএইচএস-এর ----- বর্গগজ জমি বিশিষ্ট ----- নং প্লটে নির্মিত ----- তলা ভবনের -----তলার ----- বর্গফুট আয়তনের ফ্ল্যাট, -----টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভাজ্য/অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ অত্র দলিল দ্বারা চিহ্নিত বটে।

১২। হস্তান্তরিত সম্পত্তির চৌহদ্দির বিবরণ :

উত্তরে-----
দক্ষিণে -----
পূর্বে- -----
পশ্চিমে -----

১৩। হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ (অংকে ও কথায়) : ----- সেনানিবাসে ----- ডিওএইচএস-এর -----
----- বর্গগজ জমি বিশিষ্ট ----- নং প্লটে নির্মিত ----- তলা ভবনের ----- তলার ----- বর্গফুট
আয়তনের ফ্ল্যাট, -----টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভাজ্য/অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক
সুবিধাদিসহ ।

১৪। সম্পত্তির মূল্য ও পরিশোধের বিবরণ : -----

১৫। হস্তান্তরিত সম্পত্তির নকশা :

১৬। কৈফিয়ৎ (যদি থাকে) :

১৭। দলিল পাঠ করিয়া/করাইয়া উহার মর্ম অবগত ও সম্মত হইয়া স্বাক্ষর করিলাম ।

দাতা/দাতাগণের স্বাক্ষর :

গ্রহিতা/গ্রহিতাগণের স্বাক্ষর :

১৮। স্বাক্ষরী/স্বাক্ষরীগণের নাম, ঠিকানা ও স্বাক্ষর :

(ক)

নাম		স্বাক্ষর ও তাং	
পিতা/স্বামীর নাম		মাতার নাম	
গ্রাম/রোড		ডাকঘর	
থানা		জেলা	

(খ)

নাম		স্বাক্ষর ও তাং	
পিতা/স্বামীর নাম		মাতার নাম	
গ্রাম/রোড		ডাকঘর	
থানা		জেলা	

১৯। সনাক্তকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষর :

নাম		স্বাক্ষর ও তাং	
পিতা/স্বামীর নাম		মাতার নাম	
গ্রাম/রোড		ডাকঘর	
থানা		জেলা	

২০। হস্তান্তরিত সম্পত্তির সঠিক পরিচয় এবং বাজার মূল্য সম্পর্কে সম্যক অবহিত হইয়া আমি নিম্ন স্বাক্ষরকারী অত্র দলিল মুসাবিদা করিয়াছি/লিখিয়াছি এবং পক্ষগণকে পাঠ করিয়া শুনাইয়াছি। অত্র দলিল হলফনামাসহ ----- ফর্দে লিখিত। মুসাবিদা কারক বা দলিল লেখকের নাম, ঠিকানা ও দলিল লেখকের সনদ নং :

নাম :
স্বাক্ষর :
পূর্ণ ঠিকানা :
সনদ নম্বর :

২১. দলিল দাতা/দাত্রীর হলফনামা :

বরাবর
সাব রেজিষ্ট্রার

আমি ----- পিতা নামঃ -----, জাতীয়তা-বাংলাদেশী, ধর্ম-----
-----, পেশা-----, বাড়ী নং----- রোড নং-----, ----- ডিওএইচএস,-----
----- সেনানিবাস।

- ক) এই মর্মে ঘোষণাপূর্বক হলফনামা প্রদান করিতেছি যে, আমি বাংলাদেশের নাগরিক।
- খ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশে দলাল (বিশেষ ট্রাইবুনাল) আদেশে, ১৯৭২ (১৯৭২ সনের পি. ও নং ৮) এর অধীন ক্রোকের আওতাধীন নহে;
- গ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা ও নিষ্পত্তি) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি. ও নং ১৬) এর অর্থানুযায়ী পরিত্যক্ত সম্পত্তি নহে;
- ঘ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি আপাততঃ বলবৎ কোন আইনের অধীন সরকারে বর্তায় নাই, বা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হয় নাই;
- ঙ) প্রস্তাবিত হস্তান্তর আপাততঃ বলবৎ অন্য কোন আইনের কোন বিধানের সহিত সাংঘর্ষিক নহে;
- চ) প্রস্তাবিত হস্তান্তর বাংলাদেশ ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি. ও নং-৮) এর অনুচ্ছেদ ৫এ অনুযায়ী বাতিলযোগ্য নহে;
- ছ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তির বিবরণ সঠিকভাবে বর্ণিত হইয়াছে এবং উহা অবমূল্য করা হয় নাই এবং উল্লেখিত সম্পত্তি হস্তান্তরকরণে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে।
- জ) আমি আরও ঘোষণা করিতেছি যে, আমি দলিলে বর্ণিত সম্পত্তির নিরক্ষুশ মালিক। অন্য কোন পক্ষের সহিত এই সম্পত্তির বায়না চুক্তি স্বাক্ষর হয় নাই বা অন্য কোথাও হস্তান্তর হয় নাই বা অন্য কোন পক্ষের নিকট বন্ধক রাখা হয় নাই।
- ঝ) দলিলে বর্ণিত সম্পত্তিতে আমার বৈধ স্বত্ব ও অধিকার বহাল আছে এবং প্রদত্ত বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। তারিখ:

হলফকারীর স্বাক্ষর

সনাক্তকারীর ঘোষণা:

এই মর্মে ঘোষণা করিতেছি যে, হলফকারী
আমার পরিচিত এবং আমার
সম্মুখে স্বাক্ষর প্রদান করেছেন।

সনাক্তকারীর স্বাক্ষর ও তারিখ

২২। সাব-রেজিষ্ট্রারের নাম ও পদবীসহ স্বাক্ষর, সীল মোহর ও তারিখঃ

বিঃদ্র: নির্মাণ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ফ্ল্যাট অত্র দলিল গ্রহীতা ছাড়া অন্য কোন ব্যক্তির নিকট অত্র ফ্ল্যাট বিক্রয়ের প্রতিশ্রুতি প্রদানপূর্বক অর্থ গ্রহণ করেন নাই মর্মে নির্মাণ প্রতিষ্ঠানের নিকট হতে বিক্রয়/হস্তান্তর দলিল লিখিবার পূর্বেই একটি লিখিত অঙ্গীকারনামা গ্রহণ করিতে হইবে।

দলিলের নমুনা

ডিক্লারেশন অব হেবা বা হেবা বিষয়ক ঘোষণাপত্র।

ক্রমিক নং-

বহি নং-

দলিল নং-

১. রেজিষ্ট্রি অফিসের নাম :


২. দলিলের সার সংক্ষেপ :

দলিলের প্রকৃতি	মোজার নাম	ইউনিয়ন/ওয়ার্ড	থানা/উপজেলা	জেলা
ডিক্লারেশন অব হেবা বা হেবা বিষয়ক ঘোষণাপত্র।				

হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ	জমির শ্রেণী	হস্তান্তরিত সম্পত্তির মূল্য
ঢাকা সেনানিবাসে -----ডিওএইচএস এর ----- বর্গগজ অর্থাৎ ----- - কাঠা জমি বিশিষ্ট ----- নং প্লটে নির্মিত ----- তলা ভবনের ----- -- পার্শ্বের ----- বর্গফুট আয়তনের ফ্ল্যাটটি, আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি, নীচ তলায় -----টি কারপার্কিং স্থান এবং অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ।	ফ্ল্যাট/বাড়ী	----- টাকা মাত্র।

৩. দলিল গ্রহিতা/গ্রহিত্রীর নাম ও ঠিকানা : (আদালত, সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ছবি প্রযোজ্য নয়) :


নাম :
স্বামী/পিতার নাম :
মাতার নাম :
বয়স/জন্ম তারিখ :
জাতীয়তা :
ধর্ম :
পেশা :
জাতীয় পরিচয় পত্র নং :



স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা

দলিল দাতার/দাতাগনের নাম ও ঠিকানা (আদালত, সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ছবি প্রযোজ্য নয়) :

নাম :
স্বামী/পিতার নাম :
মাতার নাম :
বয়স/জন্ম তারিখ :
জাতীয়তা :
ধর্ম :
পেশা :
জাতীয় পরিচয় পত্র নং :



স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা

৫. আম-মোজার/প্রতিনিধি অভিভাবকের মাধ্যমে দলিল সম্পাদিত হইয়া থাকিলে তাহাদের নাম, ঠিকানা ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : প্রযোজ্য নহে।

৬. আম-মোজার নামা বিবরণঃ প্রযোজ্য নহে।

৭. হস্তান্তরাধীন জমির ন্যূনপক্ষে ২৫ বছরের মালিকানার ধারাবাহিক বিবরণ : (যথাযথ ক্ষেত্রে ওয়ারিশ ও বায়া দলিলসমূহের বিস্তারিত বিবরণ) এবং হস্তান্তরের উদ্দেশ্যে, সম্পত্তির দখল, ইজমেন্ট স্বত্ব এবং সম্পর্কিত উল্লেখযোগ্য মন্তব্য (যদি থাকে) সম্পর্কিত বিবরণ :

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি জেলা-----, থানা-----, মৌজা-----, -----
সাব-রেজিষ্ট্রি অফিসের আওতাভুক্ত ক্যান্টনমেন্ট সাধারণ ভূমি রেজিষ্ট্রারের অন্তর্ভুক্ত ঢাকা সেনানিবাসে -----
ডিওএইচএস এর ----- বর্গগজ অর্থাৎ ----- কাঠা জমি বিশিষ্ট ----- নং প্লটে নির্মিত -----
তলা ভবনের ----- পার্শ্বের ----- বর্গফুট আয়তনের ফ্ল্যাটটি, আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত
জমি, নীচ তলায় -----টি কারপার্কিং স্থান এবং অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ ডিক্লারেশন অব হেবা বা হেবা বিষয়ক
ঘোষণাপত্র দলিলের লিখিত বয়ান আরম্ভ করিলামঃ তফসিলে বর্ণিত সম্পত্তি এলএ কেস নং----- এর
মাধ্যমে হাউজিং ও সেটেলমেন্ট বিভাগের অনুকূলে ----- সালে হুকুম দখল করা হয়। পরবর্তীতে
হস্তান্তরসূত্রে প্রতিরক্ষা মন্ত্রণালয় উক্ত জমির মালিকানা অর্জন করেন।

তফসিলে বর্ণিত প্লটটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকার ----- ইং
তারিখের ----- নং পত্রের প্রাধিকারবলে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা
মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস, ঢাকার ----- নং
পত্র মারফত -----ডিওএইচএস এর ----- বর্গগজ বিশিষ্ট ----- কাঠা
জমির ----- নং প্লটটি অত্র দলিল দাতাকে বরাদ্দ দেওয়া হয়। ইহার পর তফসিলে বর্ণিত প্লটটি বরাদ্দ
প্রাপ্তির পর বরাদ্দ পত্রের শর্ত মোতাবেক অত্র দলিল দাতা সরকারী যাবতীয় পাওনাদী পরিশোধ করিয়া প্লটের লীজ
দলিল ----- ইং তারিখে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের
সহিত ৯৯ বৎসরের জন্য (যাহা পরবর্তীতে আরো ৯৯ বৎসরের জন্য নবায়নযোগ্য) একখানা ইজারা দলিল সম্পাদন
করেন।

উক্ত লীজ দলিল সাব-রেজিস্ট্রি অফিস, -----ঢাকা----- নম্বর লীজ দলিলমূলে -----
----- তারিখে রেজিস্ট্রি করা হয়। ইহার পর তফসিলে বর্ণিত সম্পত্তি সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের
প্রতিনিধির মাধ্যমে ----- বর্গগজ ----- কাঠা জমির পজেশন সরেজমিনে -----
- ইং তারিখে হস্তান্তর/গ্রহণ পত্রের মাধ্যমে অত্র দলিল দাতাকে বুঝাইয়া দেওয়া হয়। অতঃপর তফসিলে বর্ণিত প্লটে
বাড়ী নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা সেনানিবাস হইতে বিল্ডিং নকশা অনুমোদন প্রাপ্ত হইয়া অনুমোদিত প্লান
অনুযায়ী একটি ----- তলা বাড়ী নির্মাণ করেন।

অতঃপর প্লটটি বাড়ীসহ মালিকরত থাকাবস্থায় তফসিলে বর্ণিত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর খাজনা, ট্যাক্স ও
বিভিন্ন প্রকার বিল পরিশোধ করিয়া তথায় অন্যের বিনা প্ররোচনায় নিরাপদে বসবাস করিয়া আসিতেছি এবং মালিক
দখলকার নিয়ত আছি।

সম্পত্তি হস্তান্তরের উদ্দেশ্য : যেহেতু তুমি অত্র দলিল গ্রহিতা/গ্রহিত্রী আমি অত্র দলিল দাতার -----স্ত্রী/সন্তান
বটে। আমি তোমাকে প্রাণাধিক ভালবাসি ও স্নেহ-মমতা করি। তুমি অত্র দলিল গ্রহিতা/গ্রহিত্রী আমাকে প্রাণধিক
ভালবাস, শ্রদ্ধা-সম্মান ও সেবা-যত্ন কর এবং উপযুক্ত মর্যাদা দাও। তুমি অত্র দলিল গ্রহিতা/গ্রহিত্রী এহেন আচরণে
আমি তোমার প্রতি খুবই সন্তুষ্ট ও পরিতৃপ্ত। আমি তোমার এহেন ভালবাসায়, সেবা-যত্নে ও শ্রদ্ধা-সম্মানে অভিভূত
হইয়া আমার মালিকানাধীন নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি অত্র ডিক্লারেশন অব হেবা বা হেবা বিষয়ক ঘোষণাপত্রের
মাধ্যমে তোমাকে দান বা হেবা করিলাম।

সম্পত্তির দখল সম্পর্কিত বিবরণঃ আমার নিরংকুশ ভোগদখল ও মালিকানাধীন তফসিলে বর্ণিত সম্পত্তি আমি
ইসলাম শরীয়ত মোতাবেক ইংরেজী ----- ইং তারিখে স্বাক্ষীগণের মোকাবেলায় মৌখিক হেবার মাধ্যমে
দান করিয়া উহার দখল পজেশন তুমি অত্র দলিল গ্রহিতা/গ্রহিত্রী আমি অত্র দলিল দাতার স্বামী, স্ত্রী,পুত্র ও কন্যা
বরাবরে বুঝাইয়া দিয়া চিরতরে নিঃস্বত্ববান হইয়াছি। তুমি অত্র দলিল গ্রহিতা/গ্রহিত্রী আমার দেওয়া তফসিলে বর্ণিত
সম্পত্তি দখলের পজেশন যথাযথভাবে বুঝিয়া নিয়াছ।

যেহেতু সর্বোপরি আইনগতভাবে সকল প্রকার মৌখিকদানের রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করা হইয়াছে বিধায়
তফসিলে নির্মিত সম্পত্তি তুমি/তোমাদের অনুকূলে হেবা দলিলের মাধ্যমে দান ও দলিল রেজিস্ট্রির অনুমিত চাহিয়া -----
----- তারিখে আবেদন জানালে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের --
-----নং পত্রের মাধ্যমে অনুমতি পাইয়া আমি অত্র দলিল দাতা/দাত্রী অদ্য
রোজ হাজিরান মজলিশে নিম্ন লিখিত স্বাক্ষীগণের মোকাবেলায় দলিল গ্রহিতা/গ্রহিত্রীর বরাবরে অত্র ডিক্লারেশন অব
হেবা বা হেবা বিষয়ক ঘোষণা পত্র দলিল সম্পাদনে তোমাকে হেবা করিয়া স্থলবর্তী ও পরবর্তী ওয়ারিশগনক্রমে
এককালীন চিরতরে নিঃস্বত্ববান হইলেন ও হইলেক।

অদ্য হইতে তুমি/তোমাদের অত্র দলিল গ্রহিতা/গ্রহিত্রী অত্র ডিক্লারেশন অব হেবা বা হেবা বিষয়ক ঘোষণা পত্র
দলিল বলে বাংলাদেশ সরকারের ভূমি ও রাজস্ব দপ্তরে আমার নামের পরিবর্তে তোমার/তোমাদের নিজ নামে নিম্ন
তফসিলে বর্ণিত সম্পত্তি নামজারী বহাল করিয়া খাজনাদি প্রদানে দান, বিক্রয়, কট, রেহান, বয়, হেবা, বিনিময়, বন্ধক
ইত্যাদি সর্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরের ক্ষমতা পরিচালনে সক্ষম হইয়া স্বামী, স্ত্রী, পুত্র ও কন্যা এবং ওয়ালি
ওয়ালিশগনক্রমে পরম সুখে ভোগ দখল করিতে রহ বা রহুক ইহাতে আমার/আমাদের অত্র দলিল দাতা/দাত্রীর কিংবা
আমার স্থলবর্তী ও পরবর্তী ওয়ারিশগনের কোন প্রকার দাবী দাওয়া নাই বা রহিল না, করিলেও তাহা সর্ব আইন
আদালতে অগ্রাহ্য ও বাতিল বলিয়া গন্য হইবে ও হইবেক।

তুমি অত্র দলিল গ্রহিতা/গ্রহিত্রী নিম্নে তফসিলে বর্ণিত সম্পত্তি সম্পর্কে ইজারা দলিলের এবং সরকারী যাবতীয়
আইন-কানুন, বিধি-নিষেধ নীতিমালা পালন করতঃ মালিক ও দখলকার হিসাবে যাবতীয় ভোগ দখলে অধিকারী

হইলেক বিধায় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের -----
 -নং পত্রের ক্রোড়পত্র 'ক-১' মারফত সংশোধিত প্রণীত নীতিমালার শর্তাবলী তোমার/তোমাদের উপর বর্তাইল এবং
 তুমি/তোমাদের উহা বিষয়তে মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

যেহেতু আমি অত্র দলিল দাতা/দাত্রী নিম্নে তফসিল বর্ণিত সম্পত্তি বিগত ইংরেজী ----- ইং
 তারিখে তুমি/তোমাদের অত্র দলিল গ্রহিতা/গ্রহিত্রী অত্র দলিল দাতার স্বামী, স্ত্রী, পুত্র ও কন্যা হিসাবে মৌখিক ভাবে
 দান করিয়া উহার দখল স্বত্ব সরেজমিনে বুঝাইয়া দিয়াছি। বর্তমানে তোমার/তোমাদের নিকট তফসিলভুক্ত সম্পত্তির
 লিখিত কোন দলিল দস্তাবেজ না থাকায় ভবিষ্যতে আমার/আমাদের ওয়ালি ওয়ারিশগনের সাথে তোমার/তোমাদের
 ওয়ালি ওয়ারিশগনের মাঝে অহেতুক কুট তর্কের সৃষ্টি হইতে পারে তাছাড়া তোমার/তোমাদের নামে দলিল দস্তাবেজের
 অভাবে সংশিষ্ট ভূমি অফিসে নামজারী করাইতে অসুবিধা হইতে পারে, ভবিষ্যতে ওয়ারিশগনের মাঝে তফসিলভুক্ত
 সম্পত্তি সম্পর্কিত সকল প্রকার কুট তর্কের অবসানকল্পে ও ভূমি অফিসে তোমার/তোমাদের নিজ নামে নামজারীর
 সুবিধার্থে আমি দলিল দাতা অত্র ডিক্লারেশন অব হেবা বা হেবা বিষয়ক ঘোষণাপত্র দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করণের
 মাধ্যমে আমার ইতিপূর্বকার মৌখিক দানকে হলফ সহকারে স্বীকৃতি প্রদান করিলাম।

কোন ইজমেন্ট স্বত্ব আছে কিনা : ঢাকা সেনানিবাসে -----ডিওএইচএস এর ----- বর্গগজ
 অর্থাৎ ----- কাঠা জমি বিশিষ্ট ----- নং প্লটে নির্মিত ----- তলা ভবনের -----
 পার্শ্বের ----- বর্গফুট আয়তনের ফ্ল্যাটটি, আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি, নীচ তলায় -----টি
 কারপার্কিং স্থান এবং অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ।

হস্তান্তর সম্পর্কিত উল্লেখযোগ্য মন্তব্য : আমি অত্র দলিল দাতার মালিকানাধীন তফসিল বর্ণিত সম্পত্তি তুমি
 অত্র দলিল গ্রহিত্রীর বরাবরে দান করিয়া উহার খাস দখল সরেজমিনে বুঝাইয়া দিয়াছি।

০৮. একাধিক ক্রেতা/গ্রহিতার ক্ষেত্রে ক্রয়কৃত/অর্জিত জমির হারাহারি মালিকানার বিবরণ : (প্রযোজ্য নয়)।
 ০৯. একাধিক বিক্রেতা/হস্তান্তরকারীর ক্ষেত্রে হস্তান্তরিত জমি হারাহারি মালিকানার বিবরণ : (প্রযোজ্য নয়)।

১০. সম্পাদনের তারিখ : (বাংলা ও ইংরেজী) :

ইংরেজী-	দিবস	মাস	---- সন
বাংলা-	দিবস	মাস	---- সন

১১. সম্পত্তির তফসিল :

জেলা ও শহর-ঢাকা, থানা-----, মৌজা-----, ----- সাব-রেজিস্ট্রি অফিসের আওতাভুক্ত
 ক্যান্টনমেন্ট সাধারণ ভূমি রেজিস্ট্রারের অংশ বটে। যাহা ঢাকা সেনানিবাসে -----ডিওএইচএস এর -----
 - বর্গগজ অর্থাৎ ----- কাঠা জমি বিশিষ্ট ----- নং প্লটে নির্মিত ----- তলা ভবনের -----
 -- পার্শ্বের ----- বর্গফুট আয়তনের ফ্ল্যাটটি, আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি, নীচ তলায় -----টি
 কারপার্কিং স্থান এবং অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ অত্র দলিল দ্বারা ডিক্লারেশন অব হেবা বা হেবা বিষয়ক ঘোষণাপত্র
 দ্বারা দানমূলে হস্তান্তরকৃত বটে। যাহার সার্ভে নং-----

১২. সম্পত্তির চৌহদ্দি :

উত্তর :	দক্ষিণ :
পূর্ব :	পশ্চিম :

১৩. হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ (অংকে ও কথায়) : ঢাকা সেনানিবাসে -----ডিওএইচএস এর -----
 --- বর্গগজ অর্থাৎ ----- কাঠা জমি বিশিষ্ট ----- নং প্লটে নির্মিত ----- তলা ভবনের -----
 ---- পার্শ্বের ----- বর্গফুট আয়তনের ফ্ল্যাটটি, আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি, নীচ তলায় -----টি
 কারপার্কিং স্থান এবং অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ।

১৪. হস্তান্তরিত সম্পত্তির মূল্য পরিশোধের বিবরণ (যদি থাকে) অংকে ও কথায় : ডিক্লারেশন অব হেবা বা হেবা
 বিষয়ক ঘোষণাপত্র দলিল বিধায় মূল্য পরিশোধযোগ্য নহে।

১৫. হস্তান্তরিত সম্পত্তির হাত নকশা ও পরিমাণ :



১৬. কৈফিয়ত যদি থাকে : (নাই)

১৭. দলিল পাঠ করিয়া/করাইয়া আমরা উহার মর্ম অবগত ও সম্মত হইয়া স্বাক্ষর করিলাম :

দলিল দাতা/দাত্রীর স্বাক্ষর :

দলিল গ্রহিতা/গ্রহিত্রীর স্বাক্ষর :

১৮. স্বাক্ষরী/স্বাক্ষরীগণের নাম, ঠিকানা ও স্বাক্ষর :

(ক)

নাম	স্বাক্ষর ও তারিখ
পিতার নাম	মাতার নাম
বয়স	পেশা
গ্রাম/রোড	জিলা
থানা	ধর্ম
জাতীয়তা	ধর্ম

(খ)

নাম	স্বাক্ষর ও তারিখ
পিতার নাম	মাতার নাম
বয়স	পেশা
গ্রাম/রোড	ওয়ার্ড
থানা	জিলা
জাতীয়তা	ধর্ম

১৯. সনাক্তকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষর :

নাম	স্বাক্ষর ও তারিখ
পিতার নাম	মাতার নাম
বয়স	পেশা
গ্রাম/রোড	ওয়ার্ড নং
থানা	জিলা
জাতীয়তা	ধর্ম

২০. হস্তান্তরিত সম্পত্তির সঠিক পরিচয় এবং বাজার মূল্য সম্পর্কে সম্যক অবহিত হইয়া আমি নিম্নস্বাক্ষরকারী অত্র দলিলের মুসাবিদা করিয়াছি/লিখিয়া দিয়াছি এবং পক্ষগণকে পাঠ করিয়া শুনাইয়াছি।

দলিলটি ১১ (এগার) ফর্দে লিখিত।

মুসাবিদা কারক বা দলিল লেখকের নাম, পূর্ণ ঠিকানা ও দলিল লেখকের সনদ নং (অফিসের নামসহ) :

দলিল লেখকের নাম	:
স্বাক্ষর	:
পূর্ণ ঠিকানা	:
সনদ নম্বর	:
অফিসের নাম	:

২১. দলিল দাতা/দাত্রীর হলফনামা :

বরাবর,

সাব-রেজিষ্ট্রার অফিস

-----, ঢাকা।

আমি, -----, পিতা-----, মাতা-----, স্থায়ী ঠিকানা:-----

-----বর্তমান ঠিকানা:-----, জাতীয়তা----- ধর্ম-----

-----, পেশা-----।

ক) এই মর্মে ঘোষণাপূর্বক হলফনামা প্রদান করিতেছি যে, আমি বাংলাদেশের নাগরিক।

খ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশের দলিল (বিশেষ ট্রাইবুনাল) আদেশে, ১৯৭২ (১৯৭২ সনের পি. ও নং ৮) এর অধীন ক্রোকের আওতাধীন নহে;

গ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা ও নিষ্পত্তি) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি. ও নং ১৬) এর অর্থানুযায়ী পরিত্যক্ত সম্পত্তি নহে;

ঘ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি আপাতত: বলবৎ কোন আইনের অধীন সরকারে বর্তায় নাই, বা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হয় নাই;

ঙ) প্রস্তাবিত হস্তান্তর আপাতত: বলবৎ অন্য কোন আইনের কোন বিধানের সহিত সাংঘর্ষিক নহে;

চ) প্রস্তাবিত হস্তান্তর বাংলাদেশ ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি ও নং-৮) এর অনুচ্ছেদ ৫এ অনুযায়ী বাতিলযোগ্য নহে;

হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তির বিবরণ সঠিকভাবে বর্ণিত হইয়াছে এবং উহা অবমূল্য করা হয় নাই এবং উল্লেখিত সম্পত্তি হস্তান্তরকরণে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে।

আমি আরও ঘোষণা করিতেছি যে, আমি দলিলে বর্ণিত সম্পত্তির নিরক্ষুশ মালিক। অন্য কোন পক্ষের সহিত এই সম্পত্তির বায়না চুক্তি স্বাক্ষর হয় নাই বা অন্য কোথাও হস্তান্তর হয় নাই বা অন্য কোন পক্ষের নিকট বন্ধক রাখা হয় নাই।

দলিলে বর্ণিত সম্পত্তিতে আমার বৈধ স্বত্ত্ব ও অধিকার বহাল আছে এবং প্রদত্ত বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। তারিখ:

হলফকারীর স্বাক্ষর

সনাক্তকারীর ঘোষণা:

এই মর্মে ঘোষণা করিতেছি যে, হলফকারী
আমার পরিচিতি এবং আমার
সম্মুখে স্বাক্ষর প্রদান করেছেন।

সনাক্তকারীর স্বাক্ষর ও তারিখ

২২। সাব-রেজিষ্ট্রারের নাম ও পদবীসহ স্বাক্ষর, সীল মোহর ও তারিখঃ